

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (১৫) সালামের বৈঠকে নিতম্বের উপর না বসে বাম পায়ের উপর বসা
- (১৫) সালামের বৈঠকে নিতম্বের উপর না বসে বাম পায়ের উপর বসা :

শেষ তাশাহ্লদে বসার নিয়ম হল- বাম পা ডান পায়ের নীচ দিয়ে বের করে দিয়ে নিতম্বের উপর বসা। এটাই সুন্নাত।[1] যেমন- وَإِذَا جَلَسَ فِي الرَّكْعَةِ الْآخِرَةِ قَدَّمَ رِجْلَهُ الْيُسْرَى وَنَصَبَ الْأُخْرَى وَقَعَدَ عَلَى مَقْعَدَتِهِ 'আর যখন রাসূল (ছাঃ) শেষ রাক'আতে বসতেন তখন বাম পাকে সামনে বাড়াতেন এবং ডান পা খাড়া রাখতেন। আর তিনি তার নিতম্বের উপর বসতেন'।[2] উক্ত আমল ছিল রাসূল (ছাঃ)-এর নিয়মিত আমল। হাদীছটি দশ জন ছাহাবী কর্তৃক সত্যয়নকৃত। কিন্তু উক্ত সুন্নাত আজ সমাজ থেকে বিদায় নিয়েছে। অধিকাংশ মুছল্লী আমল করে না।

উল্লেখ্য যে, মাওলানা আব্দুল মতিন 'দলিলসহ নামাযের মাসায়েল' বইয়ে উক্ত ছহীহ হাদীছ গোপন করে উক্ত সুন্নাতকে অস্বীকার করেছেন। বরং দুই রাক'আতে বসার হাদীছগুলো পেশ করে মুছল্লীদেরকে ধোঁকা দিতে চেয়েছেন এবং সুন্নাত আমলকারীদেরকে তীব্র ভাষায় তাচ্ছিল্য করেছেন।[3] তাছাড়া বুখারী থেকে যে হাদীছ পেশ করেছেন তার পরের হাদীছটি উল্লেখ করেনিন। আল্লাহ রহম করুন।

ফুটনোট

- [1]. বুখারী হা/৮২৮, ১ম খন্ড, পৃঃ ১১৪, (ইফাবা হা/৭৯০, ২/১৪৪ পৃঃ); মিশকাত হা/৭৯২; বঙ্গানুবাদ মিশকাত হা/৭৩৬, ২/২৫২ পৃঃ, 'ছালাতের বিবরণ' অনুচ্ছেদ। আবুদাউদ হা/৯৬৩, ৯৬৪, ৯৬৫, ১/১৩৮ পৃঃ; ছহীহ ইবনে হিববান হা/১৮৬৭; ছহীহ ইবনে খুযায়মাহ হা/৬৪৩ ও ৭০০।
- [2]. বুখারী হা/৮২৮, ১ম খন্ড, পৃঃ ১১৪, (ইফাবা হা/৭৯০, ২/১৪৪ পৃঃ)।
- [3]. দলিলসহ নামাযের মাসায়েল, পৃঃ ৯৫-৯৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1930

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন